

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)  
সিপিটিইউ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।  
[www.cptu.gov.bd](http://www.cptu.gov.bd)



“শেখ হাসিনার উপহার  
ইলেকট্রনিক টেন্ডার”

নম্বর ২১.০০.০০০০.৩৬৩.২২.১৭৭.২৩-৪০২

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ ১৪৩০  
০৪ জুন ২০২৩

**বিষয়ঃ ই-জিপি সিস্টেমে আন্ধানকৃত দরপত্রের আর্থিক প্রস্তাব মূল্যায়নের বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ বাংলাদেশ পুলিশ এর স্মারক নং-৪৪.০১.০০০০.০২৯.০১.০৭৩.১৯/১১২২; তারিখ: ৩১/০৫/২০২৩।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লিখিত পত্র বিশ্লেষণান্তে এই মর্মে প্রতীয়মান হয় যে, One stage Two Envelopes Tendering Method (OSTETM)-এ পণ্য ক্রয়ের জন্য দরপত্রের উদ্ধৃত মূল্য এপিপিতে উল্লিখিত প্রাক্কলিত মূল্য হতে অধিক এবং দাপ্তরিক প্রাক্কলিত মূল্য (Official cost estimate) অপেক্ষা কম হলে তা ক্রয়ের জন্য সুপারিশ করা যাবে কিনা এবং দাপ্তরিক প্রাক্কলিত মূল্য সম্পর্কে জানতে চাওয়া হয়েছে।

২। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধি-৯৮(২৫)-এ উল্লেখ আছে- “দরপত্র মূল্যায়নের পর যদি পরিলক্ষিত হয় যে, সর্বনিম্ন মূল্যায়িত দরপত্রের উদ্ধৃত মূল্য দাপ্তরিক প্রাক্কলিত মূল্য বা নির্ধারিত বাজেট বা উভয়ক্ষেত্র হতে বেশি হয়, কিন্তু উহা বিদ্যমান বাজার মূল্যের গ্রহণযোগ্য মাত্রার সহিত সামঞ্জস্যপূর্ণ হয়, তাহলে প্রয়োজনীয় বাজেট প্রাপ্তিসাধ্য করা সাপেক্ষে, দরপত্র মূল্যায়ন কমিটি উক্ত দরপত্র গ্রহণ, বা ক্রয়কারী কর্তৃক সংশ্লিষ্ট ক্রয়ের ব্যক্তি হ্রাসের নির্দেশ প্রদানের বা চুক্তিমূল্য হ্রাসে সহায়ক হবে এইরূপ ঝুঁকি ও দায়িত্বের পুনঃবন্টন সুপারিশ করে অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট মূল্যায়ন প্রতিবেদন পেশ করতে পারবে”। উল্লেখ্য, দরপত্রের উদ্ধৃত মূল্য দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের সাথে তুলনা করতে হবে এবং দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের চেয়ে বেশী হলে প্রয়োজনীয় বাজেট প্রাপ্তি সাপেক্ষে তা ক্রয় করতে কোন বাধা নেই।

৩। পিপিআর, ২০০৮ এর বিধি-১৬(৫) অনুযায়ী ৩ (তিন) সদস্য বিশিষ্ট সদস্য সমন্বয়ে গঠিত কোন নির্দিষ্ট ক্রয়ের জন্য দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate) প্রস্তুত করতে হবে।

৪। সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে বর্ণিত বিষয়ে প্রেরিত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।

০৪/০৬/২০২৩

(মোঃ মেজবাউল হোসেন)

উপপরিচালক (সিঃ সহঃ সচিব)

ফোনঃ ০২-৪৮১১৯৩৭৮

Email: [masbaul@gmail.com](mailto:masbaul@gmail.com)

ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ

বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

[দৃঃ আঃ মোহাম্মদ আতাউল কিবরিয়া, অ্যাডিশনাল ডিআইজি

(লজিস্টিকস)]

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

২। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

৩। অফিস কপি।